

# গণশক্তি

৪৯বর্ষ, ২০৩তম সংখ্যা ■ কলকাতা ■ ২৭শে জুলাই, ২০১৫, ১০ই শ্রাবণ, ১৪২২, সোমবার ■

## র্যাগিং নয়, রাখিবন্ধনের অভিনব উদ্যোগ যাদবপুরে

নিজস্ব সংবাদদাতা: কলকাতা, ২৬শে জুলাই— র্যাগিং প্রতিরোধে রাখিবন্ধনের কর্মসূচি নিলো যাদবপুর বিশ্ববিদ্যালয়। সোমবার বিশ্ববিদ্যালয়ের নতুন ছেলেমেয়েদের হাতে রাখি পরিয়ে র্যাগিংবিরোধী প্রচার শুরু হচ্ছে। সেই উপলক্ষে প্রায় দেড় হাজার রাখির ব্যবস্থাও করা হয়েছে বলে জানা গেছে। ‘বন্ধন, দ্য টাই অর নট অব প্রোটেকশন’ (বন্ধন, সুরক্ষার বাঁধন) স্লোগানকে পাথের করেই এই কর্মসূচি। সিনিয়র ছাত্রছাত্রীদের সঙ্গে জুনিয়রদের ভালোবাসা এবং শ্রদ্ধার সম্পর্ক তৈরি করে তাদের মধ্যে মেলবন্ধন ঘটানোই এর প্রধান লক্ষ্য। সাধারণত কলেজ বা বিশ্ববিদ্যালয়ে নতুন পড়ুয়ারা আসলে র্যাগিংয়ের শিকার হওয়ার একটা আশঙ্কা তাদের মধ্যে থাকে। অনেক সময় র্যাগিংয়ের খবর সংবাদপত্রের শিরোনামেও আসে। সেই ভীতিকে দূরে সরিয়ে নতুন নজির সৃষ্টি করতেই এই উদ্যোগ। এর আগেও বিশ্ববিদ্যালয়ের তরফে এই ধরনের

কর্মসূচি গ্রহণ করা হয়েছিল।

এই কর্মসূচির মূল বিষয় ‘বন্ধন’। সেই বন্ধনকে সুদৃঢ় করতে ১৩টি ভিন্ন বিষয় বেছে নেওয়া হয়েছে, যা মিলিতভাবে মজবুত বন্ধন তৈরি করতে পারে। বিষয়গুলির ভিত্তিতে বিভিন্ন রকমভাবে হাত ও রাখির ছবি তুলে তা দিয়ে বানানো হয়েছে হোর্ডিং। গোটা বিশ্ববিদ্যালয় কার্যত মুড়ে দেওয়া হয়েছে এমন হোর্ডিংয়ে। রাখিগুলি নানা রঙের ফুল দিয়ে তৈরি। এই ১৩টি বিষয় হলো লাইফ (জীবন), আর্থ (পৃথিবী), সোল (আত্মা), পিস (শান্তি), স্ট্রেস (শক্তি), উইসডম (জ্ঞান), ড্রিম (স্বপ্ন), ফ্রিডম (স্বাধীনতা), স্যাক্রিফাইস (ত্যাগ), প্রমিস (শপথ), হোপ (আশা), জয় (আনন্দ) এবং ‘বন্ধন, চিরাচরিত সত্য’। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই অভিনব ভাবনার রূপায়ণ ঘটিয়েছেন এই বিশ্ববিদ্যালয়েরই প্রাক্তন ছাত্র ও তথ্যচিত্র নির্মাতা পরাগ সরকার।